

বরিশাল চট্টগ্রাম কুমিল্লা শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান নিয়োগ

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বরিশাল, চট্টগ্রাম ও কুমিল্লা শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান নিয়োগ দেয়া হয়েছে। মঙ্গলবার রাষ্ট্রপতি, এক প্রজ্ঞাপনের মাধ্যমে এই তিন বোর্ডে নতুন চেয়ারম্যান নিয়োগ দিয়েছেন বলে একটি দায়িত্বশীল সূত্র থেকে জানা গেছে। একই সঙ্গে বোর্ডগুলোতে কর্মরত চেয়ারম্যানকে বিভিন্ন কলেজে ও শিক্ষা অধিদপ্তরে বদলি করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের ২৫ আগস্টের প্রজ্ঞাপনে কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদে চৌধুরী সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর কুতুব গোপী দাস, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদে চট্টগ্রাম সরকারি কলেজের অধ্যক্ষ মুহাম্মদ আবু জাফর চৌধুরী এবং বরিশাল শিক্ষা বোর্ডের

চেয়ারম্যান একই বোর্ডের সচিব হিসেবে কর্মরত প্রফেসর ড. বিমলকুমার মজুমদারকে নিয়োগ দেয়া হয়েছে।

পৃথক এক প্রজ্ঞাপনে কুমিল্লা বোর্ডের সাবেক চেয়ারম্যান প্রফেসর মো. আতিকুর রহমানকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, চট্টগ্রাম বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ ইউসুফকে সাতকানিয়া সরকারি কলেজের অধ্যক্ষ এবং বরিশালে বোর্ডের চেয়ারম্যান ড. মো. মর্তুজা আলিউল কবিরকে করিমপুরের সরকারি রাতেশ্র মোহন কলেজের অর্থনীতি বিভাগের অধ্যাপক পদে বদলি করা হয়।

এদিকে মঙ্গলবার একটি জাতীয় দৈনিকে বরিশাল থেকে পাঠানো খবরে উল্লেখ করা হয় বরিশাল বোর্ডের নবনিযুক্ত চেয়ারম্যান প্রফেসর ড. বিমলকুমার মজুমদার ঐত ন্যাগরিক। এ ব্যাপারে ড. মজুমদার জানান, তিনি ছাত্রজীবন শেষে শরীয়তপুর সরকারি কলেজে শিক্ষকতা শুরু করেন। ১৯৯৭ সালে পিএইচডি ডিগ্রি গ্রহণের জন্য তিনি ভারতে যান ও ১৯৯৮ সালে নির্ধারিত সময়ে পিএইচডি ডিগ্রি নিয়ে দেশে ফিরে ফের সরকারি কলেজে শিক্ষকতা করেন। পরে তাকে বরিশাল শিক্ষা বোর্ডের সচিব পদে বদলি করা হয়। তার স্ত্রী ও বরিশালে একটি কলেজে শিক্ষকতা করছেন। তিনি জানান, গ্রামের জমিদারি নিয়ে বিরোধের কারণে একটি সার্ভায়েসী মহল তার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে।